আমিষেই শক্তি, আমিষেই মুক্তি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
প্রাণিসম্পদ পরিকল্পনা-২ শাখা
www.mofl.gov.bd

বিষয়ঃ প্রাণিসম্পদ অধিদপ্তর কর্তৃক প্রস্তাবিত "কেন্দ্রীয় ভেটেরিনারি হাসপাতাল আধুনিকায়ন ও সম্প্রসারণ প্রকল্প (CVHMEP)"-শীর্ষক প্রকল্পের যাচাই সভার কার্যবিবরণী

সভাপতি	মোঃ দেলোয়ার হোসেন সচিব
সভার তারিখ	২৫/১০/২০২৬ খ্রিষ্টাব্দ.
সভার সময়	সকাল ১০.৩০ ঘটিকা।
স্থান	সম্মেলন কক্ষ, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
উপস্থিতি	সভায় উপস্থিত সদস্যদের তালিকা পরিশিষ্ট 'ক'

২.০ উপস্থাপনা:

২.১ সভাপতি কর্তৃক উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভাপতির সম্মতিক্রমে উপসচিব (প্রাণিসম্পদ পরিকল্পনা -২) সভাকে জানান যে, প্রাণিসম্পদ অধিদপ্তর কর্তৃক প্রস্তাবিত "কেন্দ্রীয় ভেটেরিনারি হাসপাতাল আধুনিকায়ন ও সম্প্রসারণ প্রকল্প (CVHMEP)" শীর্ষক প্রকল্পটি ১৩০৫১.৫৩ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে ০১/০৭/২০২৬ থেকে ৩০/০৬/২০২৯ মেয়াদে ঢাকা সিটি কর্পোরেশন (উত্তর ও দক্ষিণ সিটি কর্পোরেশন)-এলাকায় বাস্তবায়ন করা হবে। অতঃপর প্রাণিসম্পদ অধিদপ্তরের প্রতিনিধি পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশনের মাধ্যমে তথ্যসমূহ সভায় উপস্থাপন করেন।

৩.০ আলোচনা:

৩.১ প্রাণিসম্পদ অধিদপ্তরের প্রতিনিধি প্রকল্পের প্রয়োজনীয়তা ও পটভূমি উল্লেখ করে বলেন, কেন্দ্রীয় ভেটেরিনারী হাসপাতালটি ১৯২০ সালে পুরান ঢাকায় বর্তমানে ঢাকা দক্ষিন সিটি কর্পোরেশন- এর অধীন ৪৮, কাজী আলাউদ্দিন রোডে "পশু চিকিৎসা হাসপাতাল" নামে প্রতিষ্ঠিত হয়। পরবর্তীতে ১৯৮৫ সালে হাসপাতালটির নতুন ভবন তৈরী করা হয়, যা বর্তমানে অতি জরাজীর্ণ। বর্তমানে ভেটেরিনারী সার্ভিসের চাহিদা ব্যাপক হারে বৃদ্ধি পাওয়ায় এবং পেট এনিমেলের চিকিৎসা সেবা বেড়ে যাওয়ায় বর্তমান অবকাঠামো দিয়ে প্রাণিসেবা প্রদান সম্ভব হচ্ছে না। তাই হাসপাতালটি ভেঙ্গে পুনঃ নির্মাণ ও আধুনিকায়ন করা প্রয়োজন। জরাজীর্ণ ভবন ভেঙ্গে নতুন ভবন নির্মাণ ও সেবা আধুনিকায়ন এর জন্য নতুন কোন ভূমি অধিগ্রহণ করা হবে না। মাঠ পর্যায়ের চাহিদা, সেবার প্রয়োজনীয়তা ও কার্যকারিতা বিবেচনা করে প্রাণিসম্পদ অধিদপ্তরের আওতায় "লাইভস্টক সার্ভিস ট্রান্সফরমেশন" শীর্ষক সম্ভাব্যতা সমীক্ষা প্রকল্পের সুপারিশের ভিত্তিতে প্রকল্পটি প্রণয়ন করা হয়েছে। প্রকল্পের আওতায় প্রধান প্রধান কার্যক্রম হলো- বিদ্যমান জরাজীর্ণ হাসপাতাল ভবন ভেঙ্গে নতুন হাসপাতাল ভবন নির্মাণ, অস্থায়ী ভেটেরিনারি হাসপাতাল স্থাপন ও পরিচালনা, অফিসার্স ও স্টাফ কোয়াটার/ডরমেটরি নির্মাণ। এছাড়াও CVH হাসপাতালটি আধুনিকায়নের জন্য চিকিৎসা সরঞ্জামাদি ক্রয়, ফার্নিচার ক্রয়, তথ্য প্রযুক্তি সামগ্রী ক্রয়, ভূমি ক্রয়/অধিগ্রহণ, যানবাহন ক্রয় কার্যক্রম রয়েছে। অতিরিক্ত সচিব (পরিকল্পনা) বলেন যে, কেন্দ্রীয় হাসপাতালটির পুরাতন ভবন ভেঙ্গে নতুন ভবন নির্মাণ করা হবে কিন্তু কার্যক্রমে কোথাও পুনঃনির্মাণ কথাটির উল্লেখ নাই, তাই প্রকল্পটির শিরোনাম পরিবর্তন করা প্রয়োজন। তিনি প্রকল্পটির শিরোনাম "কেন্দ্রীয় ভেটেরিনারি হাসপাতাল ও কেন্দ্রীয় ঔষধাগার পুনঃনির্মাণ এবং আধুনিকায়ন প্রকল্প" নামকরণ করার প্রস্তাব করেন। সভায় উপস্থিত সকলে এ বিষয়ে একমত পোষণ করেন।

৩.২ প্রকল্প প্রস্তাবনায় উত্তরাতে একটি "নতুন ভেটেরিনারী হাসপাতাল" নির্মানের কার্যক্রম অন্তর্ভুক্ত থাকলেও এ জন্য কোন জমি অধিগ্রহণের প্রস্তাব করা হয়নি। এছাড়াও পূর্বাচলে ভূমি অধিগ্রহণ পূর্বক "নতুন পেট হাসপাতাল" নির্মানের প্রস্তাবনা রয়েছে। ভূমি প্রাপ্তি সময়সাপেক্ষ ও বাস্তবায়নে জটিলতার বাস্তবতা তুলে ধরে সভাপতি উত্তরা ও পূর্বাচলে "নতুন ভেটেরিনারী হাসপাতাল" ও "পেট হাসপাতাল" তৈরীর অঙ্গ দুইটি প্রকল্প প্রস্তাব থেকে বাদ দেয়ার এবং হাসপাতাল দুইটি নির্মাণের কার্যক্রম বাস্তবায়নের জন্য গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ে জমি বরাদ্দের আবেদন করার নির্দেশনা প্রদান করেন। সভায় উপস্থিত সকলেই বিষয়টি বাস্তবসম্মত হবে মর্মে একমত পোষণ করেন।

৩.৩ প্রাণিসম্পদ অধিদপ্তরের মহাপরিচালক বলেন যে, কেন্দ্রীয় ভেটেরিনারি হাসপাতাল ক্যাম্পাসে প্রাণী রোগের সেবা প্রত্যাশীদের ভিড় বেড়ে যাওয়ায় স্থান সংকুলানের কথা বিবেচনা করে কেন্দ্রীয় ভেটেরিনারি হাসপাতাল চত্বরে অবস্থিত "কেন্দ্রীয় ঔষধাগার" প্রাণিসম্পদ অধিদপ্তরের **সাভার এলাকার** নিজস্ব জমিতে স্থানান্তর করা যেতে পারে। সভার সভাপতি এতে সম্মতি জ্ঞাপন করেন এবং আর্থিক সংস্থান রাখার নির্দেশনা প্রদান করেন।

৩.৪ অতিরিক্ত সচিব (পরিকল্পনা) জানান যে, ডিপিপিতে অস্থায়ী হাসপাতাল স্থাপন ও পরিচালনার বিষয়টি উল্লেখ রয়েছে, এতে করে নির্মাণকালীন সময়ে নির্মাণ কাজ ও প্রাণি চিকিৎসা সেবা ব্যহত হতে পারে। নির্মাণকালীণ সময়ে সেবা নিরবিচ্ছিন্ন রাখার জন্য অস্থায়ী হাসপাতালের কার্যক্রম বাংলাদেশ ভেটেরিনারী কাউন্সিল (BVC)-এর অফিস বিল্ডিং-এ স্থানান্তর করার বিষয়ে তিনি মতামত প্রদান করেন। সভায় উপস্থিত সকলে এ বিষয়ে একমত পোষণ করেন।

৩. ৫ পুনঃনির্মিত ভবনে ২তলা বেসমেন্টসহ ও ১০ তলা ভবন নির্মান করা হবে। ১ম ও ২য় তলায় বহিঃবিভাগীয় চিকিৎসা, জরুরী চিকিৎসা, অস্ত্রোপাচার, এক্স-রে, আল্টাসাউন্ড ও অন্যান্য জনমুখী সেবা রাখার প্রস্তাবনা রয়েছে। এছাড়া ৩য় ও ৪র্থ তলায় পরিচালক, ভেটেরিনারি অফিসার, কর্মকর্তা- কর্মচারীদের কক্ষসহ অন্যান্য সেবা সহায়ক স্পেস রাখার প্রস্তাবনা রয়েছে। আলোচনা শেষে সভাপতি ১ম থেকে ৪র্থ তলা পর্যন্ত প্রাণিদের চিকিৎসা সংক্রান্ত সকল কার্যক্রম প্রাণি বোর্ডিং, প্রাণি বিনোদন ও অন্যান্য সেবা রাখার এবং ৫ম তলা থেকে ১০ ম তলা পর্যন্ত কর্মকর্তা - কর্মচারীদের যাবতীয় স্পেস রাখার জন্য প্রস্তাব করেন। সভায় উপস্থিত সকলে এ বিষয়ে একমত পোষণ করেন।

৩.৬ পরিচালক (পরিকল্পনা), প্রাণিসম্পদ অধিদপ্তর গরু ও মহিষ বা এজাতীয় প্রাণীর জন্য একটি লার্জ এনিমেল শেডের প্রয়োজনীয়তার কথা তুলে ধরেন। এছাড়াও, সারাদেশে ভেটেরিনারি ঔষধ সরবরাহ নিরবিচ্ছিন্ন রাখতে কেন্দ্রীয় ঔষধাগারের জন্য ২টি ট্রাকের সংস্থান রাখার প্রস্তাবনা উপস্থাপন করলে সভার সকলে একমত পোষণ করেন।

৩.৭ প্রস্তাবিত জনবল কাঠামোর তালিকা পর্যালোচনা করে সভাপতি বলেন যে, প্রকল্পের কাজের পরিধি কম এবং মাঠ পর্যায়ে কর্মকর্তাদের পদ অনেক শূন্য থাকায় "উপ-প্রকল্প পরিচালক" পদটি প্রকল্প প্রস্তাবনা থেকে বাদ দিতে হবে। সকলে এ বিষয়ে একমত পোষণ করেন।

৩.৮ উপসচিব (প্রাণিসম্পদ পরিকল্পনা-২) সভাকে জানান যে, জনবলের বেতন-ভাতার প্রাক্কলনে "জাতীয় বেতন স্কেল- ২০২৬" এবং !"আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা-২০২৫" অনুসরণ করা প্রয়োজন। পূর্ত কাজের প্রাক্কলনে সর্বশেষ পিডাব্লিউডি রেট সিডিউল অনুসরণ করতে হবে।

৪.০ সিদ্ধান্ত: বিস্তারিত আলোচনান্তে সভায় নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়-

৪.১ প্রকল্পটির নাম সংশোধনপূর্বক "কেন্দ্রীয় ভেটেরিনারি হাসপাতাল ও কেন্দ্রীয় ঔষধাগার পুনঃনির্মাণ এবং আধুনিকায়ন প্রকল্প" করতে হবে;
৪.২ উত্তরাতে "নতুন ভেটেরিনারী হাসপাতাল" নির্মাণ ও পূর্বাচলে "নতুন পেট হাসপাতাল" নির্মাণ কাজ প্রস্তাবিত ডিপিপি থেকে বাদ দিতে হবে। উল্লেখিত কার্যক্রম বাস্তবায়নের জন্য গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ে জমি বরাদ্দের আবেদন করতে হবে। জমি প্রাপ্তি সাপেক্ষে নতুন প্রকল্প প্রণয়ন করতে হবে।
৪.৩ "কেন্দ্রীয় ঔষধাগার" সাভারে অধিদপ্তরের নিজস্ব জমিতে স্থানান্তরের ব্যবস্থা করতে হবে; এক্ষেত্রে সম্ভাব্যতা সমীক্ষা সম্পাদনকারী প্রতিষ্ঠানের সহায়তা নেয়া যেতে পারে এবং একাজের জন্য পর্যাপ্ত আর্থিক সংস্থান রাখতে হবে।
৪.৪ হাসপাতালের অস্থায়ী কার্যক্রম BVC ভবনে পরিচালনার উদ্যোগ গ্রহণ করতে হবে।

৪.৫ প্রস্তাবিত সিভিএইচ কমপ্লেক্সের ফ্লোরগুলো স্বাস্থ্যসম্মত এবং রোগ বিস্তারের ঝুঁকি এড়াতে ১ম থেকে ৪র্থ তলা পর্যন্ত প্রাণিদের চিকিৎসা সংক্রান্ত কার্যক্রম প্রাণি বোর্ডিং, প্রাণি বিনোদন ও অন্যান্য সেবা এবং ৫ম তলা থেকে ১০ ম তলা পর্যন্ত কর্মকর্তা - কর্মচারীদের যাবতীয় স্পেস রাখতে হবে।

৪.৬ লার্জ এনিমেলের ভেটেরিনারী সেবার জন্য একটি লার্জ এনিমেল শেডের সংস্থান রাখতে হবে।
৪.৭ কেন্দ্রীয় ঔষধাগারের জন্য ২টি ট্রাকের সংস্থান রাখতে হবে।

৪.৮ জনবল কাঠামো থেকে উপ-প্রকল্প পরিচালক পদটি বাদ দিতে হবে।
৪.৯ জনবলের ব্যয় নির্ধারণে "জাতীয় বেতন স্কেল- ২০২৬" এবং আউটসোর্সিং নীতিমালা-২০২৫" অনুসরণ করতে হবে।
৪.১০ পূর্ত নির্মাণ কাজের প্রাক্কলন নির্ধারণে সর্বশেষ রেট সিডিউল অনুসরণ করতে হবে।

৪.১১ প্রয়োজনীয় তথ্যাদি সংশোধনপূর্বক জনবল প্রস্তাবসহ পুনর্গঠিত ডিপিপি আগামী ১৫ দিনের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।

৫.০ সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

সংযুক্তিঃ
(১) পরিশিষ্ট-ক

০৫-১১-২০২৬
মোঃ দেলোয়ার হোসেন
সচিব

তারিখ: ২০ কার্তিক ১৪৩৩ / ০৫ নভেম্বর ২০২৬

নম্বর: ৩৩.০০.০০০০.০০০.১৪০.১৪.০০০৫.২৬.৭২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
১। অতিরিক্ত সচিব, প্রাণিসম্পদ-১ অনুবিভাগ, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়।
২। অতিরিক্ত সচিব, পরিকল্পনা অনুবিভাগ, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়।

৩। যুগ্মসচিব, পরিকল্পনা-২ অধিশাখা, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়।
৪। যুগ্মসচিব, বাজেট অধিশাখা, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়।
৫। যুগ্মসচিব, পরিকল্পনা-১ অধিশাখা , মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়।
৬। মহাপরিচালক (ভারপ্রাপ্ত), মহাপরিচালকের দপ্তর, প্রাণিসম্পদ অধিদপ্তর।
৭। উপসচিব, মনিটরিং-১ শাখা , মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়।
৮। উপসচিব, প্রাণিসম্পদ পরিকল্পনা-১ শাখা, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়।
৯। সচিবের একান্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব), সচিবের দপ্তর, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়।
১০। পরিচালক, পরিকল্পনা শাখা, প্রাণিসম্পদ অধিদপ্তর।
১১। চীফ, পরিকল্পনা ও মূল্যায়ন কোষ, পরিকল্পনা ও মূল্যায়ন কোষ, প্রাণিসম্পদ অধিদপ্তর।
১২। উপপরিচালক, ডিজিজ কন্ট্রোল/ প্রোডাকশন/ টেকনোলজি ট্রান্সফার প্লানিং , পরিকল্পনা শাখা, প্রাণিসম্পদ অধিদপ্তর।
১৩। প্রাণিসম্পদ পরিসংখ্যান কর্মকর্তা, পরিকল্পনা শাখা, প্রাণিসম্পদ অধিদপ্তর।
১৪। উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা (লীভ, ডেপুটেশন এন্ড ট্রেনিং রিজার্ভ পদ), পরিকল্পনা শাখা, প্রাণিসম্পদ অধিদপ্তর।
১৫। উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, পরিকল্পনা ও মূল্যায়ন কোষ, প্রাণিসম্পদ অধিদপ্তর।
১৬। সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় (সভার কার্যবিবরণী ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

০৯-১১-২০২৬
মোঃ মাহবুবর রহমান
উপসচিব